# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট (উচ্চ বিদ্যালয়) বাংলা মাধ্যম (সহ শিক্ষা)

## বিষয় - জীবন বিজ্ঞান

## শিক্ষাবর্ষ - ২০২০

## শ্রেণী – দশম

## WORK SHEET – 1

**পূর্ণমান – ২০** **সময় – ৪০ মিঃ**

**১. সঠিক উত্তরটি নির্বাচন করে তার ক্রমিক সংখ্যা সহ বাক্য টি সম্পূর্ণ করে লেখো: (প্রশ্নমান: ১*৫=৫)**

১.১ কেমোন্যাস্টিক চলনের উদ্দীপক হল -

ক)আলো খ)তাপমাত্রা গ)স্পর্শ ও আলো ঘ)রাসায়নিক বস্তু

১.২ ক্যালোরিজেনিক হরমোন হল -

ক)STH খ)থাইরক্সিন গ)ACTH ঘ)GTH

১.৩ নীচের কোন্ জোড় টি সঠিক তা স্থির করো-

ক)কর্ণিয়া- অক্ষিগোলককে নির্দিষ্ট আকার প্রদান করে

খ)আইরিশ- অক্ষিগোলককে $O_2$ এবং পুষ্টি সরবরাহ করে

গ)রেটিনা- কর্ণিয়া কে রক্ষা করে

ঘ)লেন্স- উপযোজনে সাহায্য করে

১.৪ নীচের কোনটি নিউরোগ্লিয়া বিষয়ে সঠিক নয় তা স্থির করো-

ক) ধারক কোশ রূপে কাজ করে

খ) স্নায়ুতন্ত্রের বেশির ভাগ স্থান দখল করে

গ) আগ্রাসী কোশ

ঘ) উদ্দীপনা দ্রুত পরিবহন করে

১.৫ ল্যাটিসিমাস ডরসি কোন্ প্রকারের পেশি-

ক) অ্যাডাকটর খ)অ্যাবডাকটার গ)ফ্লেক্সর ঘ)এক্সটেনশর

**২.শূন্যস্থান পূরণ করো:** (প্রশ্নমান: ১*৫ = ৫)

২.১ নারকেলের তরল সস্যে বা ডাবের জলে ___________ হরমোন পাওয়া যায় ।

২.২ ____________ হরমোনের অভাবে অতিরিক্ত মূত্র উত্পাদন হয়, কিন্তু মূত্রে গ্লুকোজ রেচিত হয় না ।

২.৩ সিলিয়ারি পেশি লেন্সের বক্রতা ও আকারের পরিবর্তন ঘটিয়ে চোখের _______________ সাহায্য করে ।

২.৪ দ্বিতীয় করোটীয় স্নায়ুর নাম ______________।

২.৫ __________ হল ইউগ্লিনার গমন অঙ্গ ।

**৩. নীচের বাক্যগুলি সত্য অথবা মিথ্যা নিরূপণ করো:** (প্রশ্নমান: ১*৫ = ৫)

৩.১ ডেনড্রনে সোয়ান কোশ থাকেনা।

৩.২ TSH একটি গ্লাইকোপ্রোটিন জাতীয় হরমোন।

৩.৩ মেনিনজেসের সর্ববহিঃস্থ স্তর হল পায়াম্যাটার।

৩.৪ চোখের লেন্সে ক্রিস্টালিন প্রোটিন থাকে।

৩.৫ অন্তর্বাহী স্নায়ু গ্রাহক থেকে উদ্দীপনা বহন করে কেন্দ্রিয় স্নায়ুতন্ত্রে নিয়ে যায়।

**৪. একটি শব্দে বা একটি বাক্যে উত্তর দাও: (প্রশ্নমান - ১*৫=৫)**

৪.১ ICSH  এর পুরো নাম লেখো।

৪.২ গুরুমস্তিষ্কের গোলার্ধদ্বয় কোন স্নায়ুযোজক দ্বারা যুক্ত থাকে ?

৪.৩ নীচে সম্পর্কযুক্ত একটি শব্দজোড় দেওয়া আছে।  প্রথম জোড়টি সম্পর্ক বুঝে দ্বিতীয় জোড়টির শূন্যস্থানে উপযুক্ত শব্দ বসাও:

অবতল লেন্স : ___________ : : উত্তল লেন্স : হাইপারমেট্রোপিয়া

৪.৪ বিসদৃশ শব্দটি বেছে লেখো :

মায়োলিন  সিদ, নিজল দানা , প্রান্ত বুরুশ, সোয়ান কোশ

৪.৫ নীচের চারটি বিষয়ের মধ্যে তিনটি একটি বিষয়ের অন্তর্গত।  সেই বিষয়টি খুঁজে বার করো এবং লেখো।

অন্তঃক্ষরা গ্রন্থি , দ্বৈত নিয়ন্ত্রণ , হরমোন, লক্ষ্য বস্তু

______________________